

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ২১৩১

৩৪/ ওয়ালা এবং হেবা (كتاب الولاء والهبة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ কেউ যদি স্বীয় সন্তানকে অস্বীকার করে।

باب ما جاء في الرجل ينتفي من ولده

আরবী

حَدَّثَنَا عَبْدُ الْجَبَّارِ بْنُ الْعَلَاءِ بْنُ عَبْدِ الْجَبَّارِ الْعَطَّارُ، وَسَعِيدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْمَخْزُومِيُّ، قَالَا حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ الزُّهْرِيِّ، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ جَاءَ رَجُلٌ مِنْ بَنِي فِزَارَةَ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنَّ امْرَأَتِي وَلَدَتْ غُلَامًا أَسْوَدَ . فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " هَلْ لَكَ مِنْ إِبِلٍ " . قَالَ نَعَمْ . قَالَ " فَمَا أَلْوَانُهَا " . قَالَ حُمْرٌ . قَالَ " فَهَلْ فِيهَا أَوْرَقٌ " . قَالَ نَعَمْ إِنَّ فِيهَا لَوُرْقًا . قَالَ " أَنَّى أَتَاهَا ذَلِكَ " . قَالَ لَعَلَّ عِرْقًا نَزَعَهَا . قَالَ " فَهَذَا لَعَلَّ عِرْقًا نَزَعَهُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

২১৩১. আবদুল জাব্বার ইবনুল আলা আত্তার এবং সাঈদ ইবন আবদুর রহমান মাখযুমী (রহঃ) ... আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেনঃ ফায়ারা গোত্রের জনৈক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে বললঃ ইয়া রাসূলুল্লাহ, আমার স্ত্রী একটি কাল বাচ্চা জন্ম দিয়েছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমার কি উট আছে? সে বললঃ হ্যাঁ, তিনি বললেনঃ এগুলোর রং কি? সে বললঃ লাল। তিনি বললেনঃ এগুলোর মাঝে কোনটি মেটে কাল মিশ্রিত রঙের আছে কি? সে বললঃ হ্যাঁ, এতে মেটে কাল রঙের তো আছে। তিনি বললেনঃ কোথেকে তা এলো? সে বললঃ রঙের টানে হয়তো এসেছে। তিনি বললেনঃ তোমার ছেলোটরও হয়ত রঙের টানে এ রঙ্গ এসেছে। সহীহ, ইবনু মাজাহ ২১০২, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২১২৮ [আল মাদানী প্রকাশনী]

(আবু ইসা বলেন) এ হাদীসটি হাসান-সহীহ।

English

Abu Hurairah narrated :

"that a man from [Banu] Fazarah came to the Prophet (ﷺ) and said: 'O Messenger of Allah (ﷺ)! My wife gave birth to black boy.'" So the Prophet (s.a.w) said: "[Do you have any camels?]" He said: 'Yes.'" He said: "Then what are their colors?" He said: "Red." He said: "Is there a gray one among them?" He said: "Yes, there is a grey one among them." He said: "From where does that come?" He said: "Perhaps it is hereditary." He said: "Then in the same way, perhaps it is his heredity."

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Sahih.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=37486>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন